# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - বাইবেল পরিচিতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ১. ৫. ৪. ৯. 'ওয়র্শিপ' বা 'ইবাদত' অর্থ সম্মান দেখানো

অন্যান্য স্থানে ওয়র্শিপ শব্দটার অর্থ সম্মান দেখানো লেখা হয়েছে। শুধু ঈশ্বর বা দেবতাকে ধর্মীয় ভক্তি বা সম্মান দেখানোকেই ইবাদত বা ওয়র্শিপ বলা হয় এবং সাজদার মাধ্যমেই তা প্রকাশ করা হয়। শুধু সম্মান দেখানোকে কখনোই ওয়র্শিপ বলা হয় না। মানুষ মা, বাবা, শিক্ষক, শাসক ও অন্য অনেককেই সম্মান দেখায়। এরূপ সম্মান দেখানোর কারণে কাউকে বলা হয় না যে, সে পিতা, মাতা, শিক্ষক, শাসক বা অমুকের পূজারী, ইবাদতকারী বা ওয়র্শিপার। এরূপ অর্থের কয়েকটা নমুনা দেখুন:

দানিয়েল ২/৪৬: "the king Nebuchadnezzar fell upon his face, and worshipped Daniel" অর্থাৎ "নেবুকাদনেজার তার মুখের উপর পড়ে গেলেন: সাজদা করলেন এবং দানিয়েলের ইবাদত বা পূজা করলেন।" কিতাবুল মোকাদ্দসের অনুবাদ: "তখন বাদশাহ বখতে-নাসার দানিয়েলের সামনে উবুড় হয়ে পড়ে তাঁকে সম্মান দেখালেন। এবং তাঁর সামনে শস্য কোরবানী করতে ও ধূপ জ্বালাতে হুকুম করলেন।"

এখানে মূল ইংরেজিতে 'সাজদা করা' এবং 'ইবাদত করা' দুটো কর্মই উল্লেখ করা হয়েছে। উপরন্তু 'দানিয়েল পূজার' অংশ হিসেবে তাঁর সামনে শস্য কোরবানী ও ধূপ জ্বালানো হল। তারপরও কিতাবুল মোকাদ্দসে 'উবুড় হয়ে সম্মান দেখালেন' বলে পুরো বিষয়টাই অস্পষ্ট করা হয়েছে।

মথি লেখেছেন যে, যীশুর জন্মের পরে পূর্বদেশীয় কিছু পণ্ডিত তাঁকে সাজদা করার জন্য আগমন করেন। তারা রাজা হেরোদকে বলেন: "Where is he that is born King of the Jews? for we have seen his star in the east, and are come to worship him": "ইহুদিদের যে রাজার জন্ম হয়েছে তিনি কোথায়? আমরা পূর্বদিকে তাঁর তারা দেখেছি এবং তাঁকে ইবাদত (সাজদা) করার জন্য এসেছি।" কিতাবুল মোকাদ্দস: "ইহুদিদের যে বাদশাহ জন্মেছেন তিনি কোথায়? পূর্ব দিকের আসমানে আমরা তাঁর তারা দেখে মাটিতে উবুড় হয়ে তাঁকে সম্মান দেখাতে এসেছি।" (মথি ২/২)

রাজা হেরোদ তাদেরকে বলেন: "when ye have found him, bring me word again, that I may come and worship him also": "তাঁকে যদি আপনারা খুঁজে পান তবে আমাকে জানাবেন, যেন আমিও তাঁর ইবাদত (সাজদা) করতে পারি।" কিতাবুল মোকাদ্দস: "যেন আমিও গিয়ে মাটিতে উপুড় হয়ে তাঁকে সম্মান দেখাতে পারি।" (মথি ২/৮) একইভাবে 'ওয়র্শিপ' শব্দের এ অর্থ দেখুন মথি ২/১১; ৮/২।

বিষয়টা বড়ই অদ্ভুত! ওয়র্শিপ শব্দের আভিধানিক অর্থ ভজনা বা ইবাদত এবং বাইবেলের ব্যবহারিক অর্থ সাজদা করা। উভয় অর্থই কিতাবুল মোকাদ্দসের অনুবাদকরা জানেন এবং বারবার ব্যবহারও করেছেন। অথচ এখানে তারা প্রকৃত অর্থ বেমালুম চেপে যেয়ে এক শব্দের বদলে দীর্ঘ শব্দমালার অদ্ভুত একটা অর্থ লেখলেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13848

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন